বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৬৮৫

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩
১৫ জুলাই ২০২৬

## দপ্তরাদেশ

"নড়াইল জেলার কালিয়া উপজেলার নবগঙ্গা ও মধুমতি নদীর ভাঙ্গন হতে বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকা রক্ষাকল্পে নদীতীর সংরক্ষণ" শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি প্রণয়ন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বাপাউবো'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রম নং | কর্মকর্তাগণের নাম ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | **তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা।** | **আহবায়ক** |
| ২। | জনাব মোঃ সুমন মিয়া, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব সজীব চৌধুরী, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ কামরুল হাসান, গবেষণা কর্মকর্তা (সমাজবিজ্ঞান), প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মো: জহিরুল ইসলাম জহির, গবেষণা কর্মকর্তা (কৃষি), পরিবেশ বিষয়ক ইউনিট, পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | **নির্বাহী প্রকৌশলী (পুর), নড়াইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নড়াইল।** | **সদস্য-সচিব** |

**কমিটির কার্যপরিধি:**

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার; স্থানীয় সংসদ সদস্য/জনপ্রতিনিধি/জনগণ; প্রশাসন এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তাগণের সাথে আলোচনার মাধ্যমে মতামত প্রদান;

খ) বর্ণিত প্রস্তাবিত প্রকল্পের নদীতীর সংরক্ষণের জন্য স্থায়ী নদীতীর রক্ষা কাজ বাস্তবায়নের পূর্বে প্রাক-প্রতিরক্ষা কাজের প্রয়োজনীয়তা যাচাইপূর্বক মতামত ও সুপারিশ প্রদান;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী কারিগরি/সমীক্ষা প্রতিবেদন এবং "গড়াই নদী পুনরুদ্ধার প্রকল্প সংশ্লিষ্ট সমীক্ষা" পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষণে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান;

ঘ) ইতোঃপূর্বে আলোচ্য প্রকল্প এলাকায় সমাপ্ত/ চলমান/ প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ পর্যালোচনাপূর্বক মতামত ও সুপারিশ প্রদান;

ঙ) সংশ্লিষ্ট প্রস্তাবিত প্রকল্প এলাকায় একই সময়ে একাধিক প্রকল্প (যদি থাকে) গ্রহণের যৌক্তিকতা নিরূপণ;

চ) আলোচ্য কাজ অন্তর্ভুক্তির ফলে প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে এবং বাস্তবায়ন পরবর্তী সময়ে কী পরিমাণ প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি করবে সে সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণসহ মতামত প্রদান;

ছ) আলোচ্য কাজ অন্তর্ভুক্তির ফলে সম্ভাব্য উপকারভোগীদের সংখ্যা, কীভাবে উপকৃত হবে তার বিবরণ, উপকারপ্রাপ্ত নাগরিকের ধরণ (কৃষক, জেলে, তাঁতি, শিক্ষার্থী ইত্যাদি) সম্পর্কিত তথ্যাদি বিশ্লেষণসহ প্রকল্প বাস্তবায়নের ফলে প্রাপ্ত সুফল সম্পর্কিত মতামত প্রদান;

জ) প্রকল্প এলাকায় সুপারিশকৃত কার্যক্রম/অবকাঠামো প্রদর্শন করে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র A3 সাইজের কাগজে

সংযোজন;

ঝ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন;


ঞ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩ (তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u> :
১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ সুমন মিয়া, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব সজীব চৌধুরী, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ কামরুল হাসান, গবেষণা কর্মকর্তা (সমাজবিজ্ঞান), প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মো: জহিরুল ইসলাম জহির, গবেষণা কর্মকর্তা (কৃষি), পরিবেশ বিষয়ক ইউনিট, পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী (পুর), নড়াইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নড়াইল।




১৫-০৭-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চ. দা.)
ফোন : ০২২২২২৩০০৪০
ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৬৮৫/১ (১২)

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩
১৫ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতি. প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। অতি. প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
৩। অতি. প্রধান প্রকৌশলী (পুর), ডিজাইন এন্ড রিসার্স, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), যশোর পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, যশোর।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। যুগ্ম প্রধান, অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
৯। পরিচালক, অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১০। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্ম কর্তা, কারিগরি কমিটি।
১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১২। দপ্তর কপি।



১৫-০৭-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চ. দা.)